ঢাকা বিশ্ববিদ্যালয়

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় নিহত-আহতদের প্রতি শ্রদ্ধা জানাতে আগামীকাল ২২ জুলাই ২০২৫ তারিখ মঙ্গলবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে। দিবসটি উপলক্ষে আগামীকাল ২২-০৭-২০২৫ তারিখ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়েছে :

| | | |
|---|---|---|
| ১. | সকাল ৫:৪৫ মিনিট | ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন এবং উপাচার্য ভবনসহ সকল হল ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। উপাচার্য ভবনসহ অন্যান্য ভবনে এস্টেট ম্যানেজার এবং হল ও হোস্টেলসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২. | বাদ জোহর | ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদসহ সকল হল ও হোস্টেলের মসজিদ, সকল আবাসিক এলাকার মসজিদ এবং অন্যান্য উপাসনালয়ে রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজ ক্যাম্পাসে বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় নিহত-আহতদের আত্মার মাগফেরাত এবং শান্তি কামনায় দোয়া/ প্রার্থনা। কেন্দ্রীয় জামে মসজিদে মসজিদুল জামিয়ার সিনিয়র ইমাম খতিব, হল ও হোস্টেলসমূহে সংশ্লিষ্ট হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, আবাসিক এলাকার মসজিদসমূহে সংশ্লিষ্ট সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক দোয়া আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং অন্যান্য উপাসনালয়ে প্রার্থণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রাধ্যক্ষ, জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়। |

(স্বাক্ষর) ২১/০৭/২০২৫

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়

নং রেজি/প্রশা-৩/ ৬১৭৭-বি

তারিখ: ৬/৪ /১৪৩২ বঙ্গাব্দ
২১/৭ /২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলো:**